

৯ নভেম্বর ২০১৯

## বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদকে হত্যার ঘটনায় অধিকার এর তীব্র প্রতিবাদ



আবরার ফাহাদ (ফেসবুক থেকে সংগৃহীত ছবি)

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী আবরার ফাহাদ কাশ্মীরের জনগণের সংগ্রামের প্রতি সমর্থন জানানোয় এবং সম্প্রতি ভারত-বাংলাদেশ চুক্তির মাধ্যমে বাংলাদেশের স্বার্থহানী হওয়ার প্রতিবাদে ফেসবুকে পোস্ট দেয়ার কারণে গত ৬ অক্টোবর রাতে আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগের বুয়েট শাখার সাধারণ সম্পাদক মেহেদি হাসান রাসেলের নেতৃত্বে একদল নেতাকর্মী আবরারকে পিটিয়ে হত্যা করে।

আবরার ফাহাদের হত্যা বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা হরণসহ দেশে মানবাধিকার লজ্জনের ভয়াবহ পরিস্থিতিকেই আবার তুলে ধরেছে। দায়মুক্তির সংস্কৃতির কারণে এই ধরণের হত্যা এবং মানবাধিকার লজ্জনের ঘটনার কোনো প্রতিকার হচ্ছে না।

২০১৪ ও ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে জনগণ ভোটের অধিকার থেকে বাধিত হওয়ায় দেশে প্রতিনিধিত্বশীল সরকার প্রতিষ্ঠিত হয়নি। এমনকি স্থানীয় সরকার নির্বাচনগুলোও ছিলো নিয়ন্ত্রিত। এই সুযোগে সরকার নির্বর্তনমূলক আইন প্রণয়ন ও প্রয়োগ করে আইনপ্রয়োগকারী সংস্থা এবং সরকারদলীয় দুর্ব্বলদের মাধ্যমে ভিন্নমতাবলম্বীদের ব্যাপকভাবে দমন করছে।

অধিকার আবরার হত্যার তীব্র নিন্দা জানাচ্ছে এবং বিরাজমান বিচারহীনতা ও ভয়ের সংস্কৃতির ব্যাপারে ক্ষোভ প্রকাশ করছে।

### অধিকার টিম